

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শুহাদায়ে বদর (شهداء بدر)

বদর যুদ্ধে মুসলিম বাহিনীর যে ১৪ জন শহীদ হয়েছিলেন, তন্মধ্যে মুহাজির ছয়় জন হ'লেন, (১) মিহজা' (﴿كُبُحُ),
যিনি ওমর ইবনুল খাত্বাবের মুক্তদাস ছিলেন এবং তিনি ছিলেন মুসলিম বাহিনীর প্রথম শহীদ। (২) বনু আদিল
মুত্ত্বালিব থেকে উবায়দাহ ইবনুল হারিছ বিন মুত্ত্বালিব। শক্র পক্ষের নেতা উৎবাহ বিন রাবী আহ তাঁর পা কেটে
দেন। পরে 'ছাফরা' গিয়ে তিনি মৃত্যুবরণ করেন। (৩) বনু যোহরা থেকে উমায়ের বিন আবু ওয়াককাছ। যিনি
সা'দ বিন আবু ওয়াককাছের ভাই ছিলেন। মাত্র ১৬ বছর বয়সের তরুণ হওয়ায় রাসূল (ছাঃ) তাকে ফিরে যেতে
বলেছিলেন। কিন্তু তিনি কাঁদতে থাকেন। ফলে তাঁকে অনুমতি দেওয়া হয়। অতঃপর তিনি শহীদ হয়ে যান (আলইছাবাহ ক্রমিক ৬০৬১)। (৪) মুহাজিরগণের মিত্র যুশ-শিমালাইন বিন 'আক্ষে আমর আল-খুয়াঈ। (৫) বনু 'আদীর
মিত্র 'আক্ষেল বিন বুকায়ের। (৬) বনুল হারেছ বিন ফিহর থেকে ছাফওয়ান বিন বায়য়া।

অতঃপর আনছারদের মধ্যেকার আট জন হ'লেন, (১) বনু নাজ্জার থেকে হারিছাহ বিন সুরাক্কাহ। (২-৩) বনু গানাম থেকে 'আফরার দুই পুত্র 'আওফ ও মু'আউভিয। (৪) বনুল হারেছ বিন খাযরাজ থেকে ইয়াযীদ বিন হারেছ। (৫) বনু সালামাহ থেকে উমায়ের বিন হুমাম। (৬) বনু হাবীব থেকে রাফে 'বিন মু'আল্লা। (৭) বনু 'আমর বিন 'আওফ থেকে সা'দ বিন খায়ছামা এবং (৮) মুবাশশির বিন আব্দুল মুন্যির (ইবনু হিশাম ১/৭০৬-০৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5412

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন